

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)
Web: (www.supremecourt.gov.bd)

অফিস আদেশ নং- ৪৩ /২০২৬ (পি এন্ড ডি)

তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

যেহেতু জনাব মো: মিরাজ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে “এম,এল,এস,এস” পদে কর্মরত আছেন। স্মারক নং- সি,কে-৩১৭০ তারিখ: ২৭/০৪/২০২৬ খ্রি. মূলে ইস্যুকৃত অফিস আদেশে অত্র কোর্টের এম,এল,এস,এস জনাব মো: মিরাজকে মাননীয় বিচারপতি জনাব রাজিউদ্দিন আহমেদ মহোদয়ের বাসভবনে বদলি করা হয় এবং তাকে ২৯/০৪/২০২৬ খ্রি. তারিখে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত তারিখে তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি। তার সাথে যোগাযোগ করা হলে তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে সরাসরি অস্বীকৃতি জানান। এম,এল,এস,এস জনাব মো: মিরাজ বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে গত ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখে সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে মানব বন্ধনে অংশগ্রহণ করে বিচারপতি মহোদয়গণের বাসায় কাজ করবেন না মর্মে জানান। এছাড়াও গত ০৪/০৫/২০২৬ খ্রি. তারিখে তিনি সুপ্রীম কোর্টের এ্যানেল ভবনের সামনে সাংবাদিক সম্মেলনে উপস্থিত হয়ে বিচারপতি মহোদয়গণের বাসায় বদলি সংক্রান্ত বর্ণিত স্মারকের অফিস আদেশের বিরুদ্ধে বক্তব্য প্রদান করেন। তিনি মানব বন্ধনে অংশগ্রহণ এবং সংবাদ সম্মেলনে উপস্থাপিত বক্তব্যসহ নানাবিধ কর্মকাণ্ডের দ্বারা অন্যান্য কর্মচারীদেরকে উস্কানি দিয়ে বাসায় দায়িত্ব পালনে বাধা প্রদান করছেন এবং কর্মচারীদের মধ্যে বিদ্বেহের মনোভাব তৈরি করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তার এরূপ কর্মকাণ্ডের দ্বারা সুপ্রীম কোর্টের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ হয়েছে।


এবং

যেহেতু তার এরূপ কার্যকলাপ অফিস শৃঙ্খলা পরিপন্থী, The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 2(4) অনুযায়ী চরম অবাধ্যতা ও অসদাচরণের সামিল এবং উক্ত বিধিমালার বিধি 2(4) এর সঙ্গে পঠিতব্য বিধি 3(b) এর অপরাধ যা বিধি 4(1) অনুযায়ী শাস্তিযোগ্য। অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 10(1) অনুযায়ী আশু সাময়িক বরখাস্ত (Suspend) করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়।

সেহেতু এম,এল,এস,এস জনাব মো: মিরাজকে The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 10(1) অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে


(মোহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

স্মারক নং-

৬৪২০(৩)

জি,ই,এস,

তারিখঃ-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং- ৫২৮, ৫ম তলা, সি,জি,এ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। ডি,ডি,ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫। কোর্ট কীপার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৬। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৭। হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৮। জনাব মো: মিরাজ, এম,এল,এস,এস, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৯। (পি এ ভি) কপি।

ডেপুটি রেজিস্ট্রার

(সার্বিক ও আদি অধিক্ষেত্র)

ফোনঃ ০২-২২৩৩৮৬৮২৬।

10 5 MAY 2026